15 NOV 1991

তারিখ 15 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

৯৩

## ক্যাম্পাসে বহিরাগত ও অস্ত্রধারীদের রোধে সকলের সহযোগিতা কামনা

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোষ্ট ষ্ট্যাণ্ডিং কমিটির এক সভায় বিভিন্ন হলে বহিরাগত এবং অস্ত্রধারীদের তৎপরতা রোধ

(১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে বহিরাগত

( শেষ পৃঃ পর )

করার জন্য সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করা হইয়াছে। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ক্যাম্পাসের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করিয়া বলা হয়, গত ৩ দিন যাবৎ পরীক্ষাসমূহ শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হইয়াছে। তবে বিভিন্ন হলে বহিরাগত অস্ত্রধারীদের আনাগোনা অব্যাহত থাকায় আবাসিক ছাত্র-ছাত্রীদের মনে স্বস্তি ফিরিয়া আসে নাই। ইতিপূর্বে হল হইতে বিতাড়িত ছাত্র-ছাত্রীদের পুনর্বাসনের যে প্রক্রিয়া আরম্ভ হইয়াছিল তাহাও ব্যাহত হইতেছে। সভায় প্রভোষ্টবৃন্দ ঐকমত্য পোষণ করেন যে, যতক্ষণ হলে বহিরাগত সন্ত্রাসীদের আনাগোনা অব্যাহত থাকিবে ততক্ষণ পর্যন্ত সাধারণ ছাত্র-ছাত্রীদের মনে পূর্ণ আস্থা ফিরিয়া আসিবে না।

### আগামীকাল বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সমাবেশ

সন্ত্রাসের প্রতিবাদে এবং ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের নিরাপত্তার দাবীতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন আগামীকাল শনিবার সকাল সাড়ে ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারে এক সমাবেশের আয়োজন করিয়াছে। ইহার পূর্বে বুয়েট ক্যাম্পাস হইতে শিক্ষকদের মৌন মিছিল বাহির হইবে।